বামন্দীতে ইস্টর্ন ব্যাংক লিমিটেডের এজেন্ট ব্যাংকের শাখা উদ্বোধন

দেশে রসর্বাধুনিক ও সহজ ব্যাংকিং সেবা নিয়ে ইস্টার্ন ব্যাংক লিমিটেড এখন বামুন্দী বাজারে ।

আজ বুধবার বিকেলে গাংনী উপজেলার বামুন্দী বাজারের ফজলুল হক টাওয়ারে ইস্টার্ন ব্যাংক লিমিটেডের এজেন্ট ব্যাংক শাখার উদ্বোধন করা হয়েছে। দেশের প্রথম সারির ব্যাংক ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইবিএল) তাদের সহজ ব্যাংকিং সেবা সাধারণ মানুষের কাছে পৌছিয়ে দেওয়ার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে।

তারই ধারা বাহিকতায় ইস্টার্ন ব্যাংক লিমিটেড তাদের এজেন্ট আউটলেট উদ্বোদন করেছে মেহেরপুর জেলার গাংনী থানার বামুন্দী ইউনিয়নে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামুন্দী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃওবাইদুর রহমান কমল, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামুন্দি বাজার কমিটির সভাপতি ও সাবেক বামুন্দী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃআব্দুল আওয়াল বিশ্বাস, ইস্টার্ন ব্যাংক লিমিটেড যশোর ব্রাঞ্চ এর ম্যানেজার মোঃ আব্দুল হক, ইস্টার্ন ব্যাংক এজেন্ট ব্যাংকিং ডিপার্টমেন্ট এর এসোসিয়েট ম্যানেজার মোঃ রেজাউল ইসলাম এছাড়াও বিশিষ্ট ব্যাবসায়ী মোঃ আমিরুল ইসলাম, মোঃ সেলিম রেজা সহ আরো অনেকে।

রাস্তা দখলমুক্ত করলো গাংনী উপজেলা প্রশাসন

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে রাস্তা দখল করে বসছে হাট এমন জনদুর্ভোগের খবর দৈনিক মেহেরপুর প্রতিদিনে প্রকাশিত

হওয়ায় উপজেলা প্রশাসনের উদ্যোগে হাটের নির্দিষ্ট স্থানে মাছের হাট স্থানান্তর করা হয়েছে।

গত শনিবার মেহেরপুর জেলার একমাত্র দৈনিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন এ “রাস্তায় বসে হাট জনদুর্ভোগ চরমে” এমন জনদুর্ভোগের সংবাদ প্রকাশিত হলে গাংনী উপজেলা প্রশাসনের দৃষ্টিগোচর হয়।

পরে হাটের ইজারাদারদের রাস্তায় হাট না বসিয়ে হাটের নির্দিষ্ট বিল্ডিংয়ে এবং নির্দিষ্ট স্থানে হাট বসানোর নির্দেশ দেন
গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। এই নির্দেশনা মোতাবেক বুধবার থেকে হাটের নির্দিষ্ট স্থানে হাট বসতে শুরু করে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের এই উদ্যোগে দীর্ঘদিনের জনদুর্ভোগ লাঘবে লেগুনা চালক

ইসরাফিল প্রশংসা করে জানান, বছর ধরে রাস্তায় হাট বসানোর কারণে যানচলাচল সহ পথচারীরা দুর্ভোগকে পড়তেন। আমরাও লেগুনা চালাতে যে ছোটখাটো দুর্ঘটনার মুখোমুখি হতাম।

গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানমের এই উদ্যোগ যথার্থ এবং কার্যকরী হওয়ায় আমরা যারা বিভিন্ন গাড়ির চালক রয়েছে তারা স্বাচ্ছন্দে পথ চলতে পারব।

ট্রাকচালক তারেক হোসেন জানান, প্রতি রবিবার ও বুধবার ভাটপাড়া বাজারের উপর দিয়ে আসতে চলাচল করতে আমরা নানা বিড়ম্বনায় পড়তাম, এখন থেকে এই বিরম্বনায় আর পড়তে হবে না। আমরা প্রশাসনের এই উদ্যোগকে সাধুবাদ জানাই।

ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুর রহিম জানান এই রাস্তাদিয়ে ছেলেমেয়েরা স্কুল ও কলেজে যাতায়াত করে। প্রতি রবিবার ও বুধবারে শিক্ষার্থীরা যাতায়াতে নানা ভোগান্তিতে পড়তো এখন থেকে এই ভোগান্তি আর রইল না। যথাস্থানে হাট বসায়অবমুক্ত একদিকে রাস্তা অবমুক্ত হয়েছে অন্যদিকে হাটের সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় এমন জনগুরুত্ব সংবাদ প্রকাশ হলে আমরাও প্রশাসনের পক্ষ থেকে বিষয়গুলি নজরে আসে এবং ব্যবস্থা গ্রহণ করতে সহজ হয় ।

মেহেরপুর বড় বাজারের মাংস ব্যবসায়ীকে সংশোধনের শর্তে প্রবেশনে মুক্তি

মেহেরপুর বড় বাজারের মাংস ব্যবসায়ী মোঃ শুকুর আলীকে সংশোধনের সুযোগ প্রদান করে প্রবেশের মুক্তির আদেশ দিয়েছেন বিশুদ্ধ খাদ্য আদালত।

আজ বুধবার (৩১ আগস্ট) বিশুদ্ধ খাদ্য আদালতের স্পেশাল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ এই আদেশ প্রদান করেন।

গত ১৩ সেপ্টেম্বর শনিবার মেহেরপুরের বড় বাজারে পচা গরুর মাংস বিক্রয় করছে এমন সংবাদের ভিত্তিতে বিশুদ্ধ খাদ্য আদলতের স্পেশাল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহর নেতৃত্বে অভিযান পরিচালনা করা হয়। অভিযোগের সত্যতা পেয়ে পাঁচ কেজি পচা গরুর মাংসসহ ব্যবসায়ীকে গ্রেফতার করে জেল হাজতে প্রেরণ করা হয়। বারো দিন তিনি জেল হাজতে আটক থাকার পর জামিনে মুক্তি লাভ করেন।

আজ বুধবার (৩১ আগষ্ট) মামলাটি চার্জ শুনানির জন্য দিন ধার্য ছিল। আসামি আদালতে উপস্থিত হয়ে স্বেচ্ছায় দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এমন অপরাধ করবেন না মর্মে অঙ্গীকার করেন। তিনি পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি এবং প্রথম অপরাধ বিবেচনায় আদালত তাকে দোষী সাব্যস্ত করে হাজতে প্রেরণের পরিবর্তে সংশোধনের সুযোগ প্রদান করে এক বছরের জন্য প্রবেশনের আদেশ দেন।

এই সময়ে তিনি প্রবেশন কর্মকর্তার তত্ত্বাবধানে থাকবেন। আদালত এই সময়ে বিধি মোতাবেক পশু জবাই, মানসম্মত মাংস বিক্রয় এবং এ বিষয়ে ব্যবসায়ীদের মধ্যে সচেতনতা সৃষ্টিসহ কিছু শর্ত মেনে চলার নির্দেশ প্রদান করেন আদালত।

উক্ত শর্ত প্রতিপালিত হচ্ছে কি না সে বিষয়ে প্রতি দুই মাস অন্তর আদালতকে জানানোর জন্য প্রবেশন অফিসারকে নির্দেশ প্রদান করেন।

পুনরায় একই অপরাধ করলে আসামির প্রবেশন আদেশ বাতিলপূর্বক তাকে আইনানুগ সাজা ভোগের জন্য জেল হাজতে প্রেরণ করা হবে বলেও আদালত আদেশে উল্লেখ করেন।

মেহেরপুরে পুলিশ কর্মকর্তাকে আবেগঘন পরিবেশে বিদায়

৩৯ বছর চাকুরীজীবন শেষে পিআরএলে যাওয়া সহকর্মী পুলিশ পরিদর্শক ছামিউল হককে আবেগঘন পরিবেশে আনুষ্ঠানিক বিদায় জানানো হয়েছে।

আজ বুধবার (৩১ আগষ্ট) দুপুরের দিকে মেহেরপুর পুলিশের পক্ষ থেকে তাকে বিদায় জানানো হয়।

মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম নিজ কার্যালয়ে বিদায়ী পুলিশ কর্মকর্তা উপহার সামগ্রী দিয়ে তাকে বিদায় সংবর্ধনা প্রদান করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলামসহ অন্যান্য অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম বলেন, দীর্ঘ সময় বাংলাদশে পুলিশ বাহিনীতে সংশ্লিষ্ট থেকে সততা ও ন্যায় নিষ্ঠার সাথে জনগনকে সেবা প্রদান করেছেন ছামিউল হক। তার এই অবদান সাধারণ মানুষের পাশাপাশি বাংলাদেশ পুলিশ বাহিনি সব সময় মনে রাখবে। এসময় তিনি তার ভবিষ্যৎ জীবনেরও মঙ্গল কামনা করেন। এসময় উপস্থিত সকলেই আবেগ আপ্লুত হয়ে পড়েন।

গাংনীতে পছন্দের মোটরসাইকেল না পেয়ে কিশোরের বিষপান

মহিষ বিক্রি করে ছেলের শখের মোটরসাইকেল কিনে দিয়েছেন দিন মজুর বাবা। ছোট মোটরাসাইকেল আর নয়, এবার তার চাহিদা দামি ব্র্যান্ড সুজকি ১৫০ সিসির ডাবল ডিস্কের মোটরসাইকেলের। পরিবারের অস্বচ্ছলতার কারণে, তার চাহিদা পুরুণ করতে পারেনি বাবা মা। অভিমানে জুলফিকার আলী ভুট্টো (১৬) নামের এক কিশোর বিষপানে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে। জুলফিকার আলী ভূট্টো গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের স্কুলপাড়া এলাকার কেরু আলীর ছেলে।

আজ বুধবার (৩১ আগষ্ট) সকাল সাড়ে ৯ টার দিকে নিজ বাড়িতে বিষপান করলে মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্ের নিয়ে আসেন পারিবারের লোকজন।

জুলফিকারের মা রুপালী খাতুন বলেন, মহিষ বিক্রি করে ছেলেকে একটা মোটরসাইকেল কিনে দিয়েছি। অনেক কষ্টা করে আমার সংসার চলে। এখন আবার সে বড় মোটরসাইকেল নেওয়ার দাবী করছে। মোটরসাইকেলের দাবীতে ২/৩ দিন রাগ করে খাওয়া দাওয়া বন্ধ করে দিয়েছে। আজ সে বিষপান করেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্ ্েরর জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সুমাইয়া আফরোজ জানান, জুলফিকারের অবস্থা বর্তমানে ভাল। তাকে হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা রাখা হয়েছে।

গাংনীতে মোটরাসাইকেল রেস খেলতে গিয়ে কিশোর আহত

মোটরাসাইকেল রেস খেলতে গিয়ে গাছের সাথে ধাক্কায় মারাত্বক আহত হয়েছেন রাব্বী হোসেন (১৪) নামের এক কিশোর।

আহত রাব্বী গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামের নজরুল ইসলামের ছেলে।

আজ বুধবার (৩১ আগষ্ট) সকাল ১১ টার দিকে সাহারবাটি-হিজলবাড়িয়া সড়কের টেপিখালি মাঠের আটকবর এলাকায় এ দূর্ঘটনাটি ঘটে।

আহত রাব্বীকে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তার অবস্থার অবনতি হলে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

রাব্বীর বড়ভাই শাকিব হোসেন জানান, রাব্বী ও তার অপর এক বন্ধু মিলে সাহারবাটি-হিজলবাড়িয়া রাস্তায় মোটরসাইকেল রেস খেলতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছের সাথে ধাক্কা খায়। পরে সেখান থেকে আবারো পার্শ্ববর্তি খাদে পড়ে মারাত্বক আহত হন। তার ব্যহৃত মোটরাসাইকেলটিও মারাত্বক ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানান শাকিব।

আহত রাব্বী বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৭

মেহেরপুর জেলা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ ১ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে ৪ জন ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) পুলিশের অভিযানে ২ জন রয়েছেন।

মঙ্গলবার (৩০ আগষ্ট) সকাল থেকে আজ বুধবার (৩১ আগষ্ট) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও জেলা গোয়েন্দা পুলিশ ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

এসময় সদর থানায় একটি মারামারি ও দুটি মাদক আইনে এবং গাংনী থানায় একটি মারামারি মামলা এফআইআরভূক্ত হয়েছে।

আজ বুধবার (৩১ আগষ্ট) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছে সংশ্লিষ্ট সূত্র।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম মারা গেছেন

মেহেরপুর সরকারি কলেজের প্রাণিবিদ্যা বিভাগের বিভাগীয় প্রধান ও সহযোগী অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম দুরারোগ্য ব্যধি ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা গেছেন।

আজ বুধবার (৩১ আগষ্ট) দুপুর ১২ টার মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন তিনি। (ইন্না- লিল্লাহ ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

মৃত্যুকালে তার দুই মেয়ে, স্ত্রী, ভাই বোন আত্মীয় স্বজন, সহকর্মি ও অসংখ্য গুনগ্রাহী রয়েছেন। তার বড় মেয়ে নওরিন ফরিদপুর মেডিকেল কলেজের ছাত্রী ও ছোট মেয়ে নওশীন দ্বিতীয় শ্রেনীর ছাত্রী।

অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের অবসরপ্রাপ্ত শিক্ষক সিরাজুল ইসলামের ছেলে। সে বর্তমানে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় বসবাস করতেন।

পারিবারিকভাবে জানা গেছে, অধ্যাপক এস এম জিয়াউল ইসলাম দীর্ঘদিন

যাবৎ দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত ছিলেন। বিভিন্ন স্থানে চিকিৎসা নিয়েছেন তিনি। অবশেয়ে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অবহতিকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং শিক্ষা খাতের পরিকল্পনার সাথে সংযুক্ত বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদ কনফারেসন্স হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা লোকমোর্চা ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মো: নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর পিটিআই এর সুপারিনটেনডেন্ট মুন্সি শহিদুল ইসলাম, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। এই কর্মসূচীর উদ্দেশ্য বর্ণনা করে বক্তব্য রাখেন গণস্বাক্ষরতা অভিযানের উপ-কার্যক্রম ব্যবস্থাপক আব্দুর রউফ।

বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ও আগামীর দিনের পরিকল্পনা তুলে ধরে বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান বক্তা আন্তর্জাতিক সংস্থা ইউনেস্কো’র প্রতিনিধি জিয়াউস সবুর।

এসময় মুক্ত আলোচনায় অংশ নিয়ে শিক্ষা কার্যক্রমের উপর মতামত তুলে ধরেন মেহেরপুর সদর উপজেলা যুব উন্নয়ন অফিসার বিপ্লব কুমার কুন্ড, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী আশরাফ, আশরাফপুর দাখিল মাদ্রাসার অধ্যক্ষ ইসমাইল হোসেন প্রমুখ।

গণস্বাক্ষরতা অভিযানের সহযোগীতায় স্থানীয় সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র মউক এই অবহিতকরণ সভার আয়োজন করে।

মউকের প্রকল্প পরিচালক সাদ আহমেদের সঞ্চালনায় অবহিতরকণ সভায় স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

মেহেরপুর জেলা বিএনপির আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস পালন

জাতিসংঘ কর্তৃক প্রত্যেকটি গুম খুনের আন্তর্জাতিক তদন্তের দাবি এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে গুমের শিকার ব্যাক্তিদের স্মরণে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মেহেরপুর জেলা বিএনপি’র মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। মিছিল ও সমাবেশের সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক আরিজুললা বাবলু মাস্টার, মেহেরপুর সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল হাসান রিপন।

এছাড়াও জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, ছাত্রদল নেতা আকিব জাভেদ সিনজিন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় মেহেরপুর জেলা, গাংনী ও মুজিবনগর উপজেলা এবং বিভিন্ন ইউনিয়ন বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এর আগে আন্তর্জাতিক গুম প্রতিরোধ দিবস উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে সমাবেশের স্থানে শেষ হয়।